

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০৯৩

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৯৩. ইহরামধারী ব্যক্তির উদ্দেশে শিকার না করা হলে সে তার গোশত খেতে পারে

بَابُ الرُّخْصَةِ فِي ذَلِكَ إِذَا لَمْ يُصَدْ لَهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَىٰ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَاقِ، أَبْنَا نَعْمَرٍ، عَنْ يَحْيَىٰ بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ، عَنْ أَبِيهِ، قَالَ خَرَجْتُ مَعَ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - زَمْنَ الْحُدَيْبِيَّةِ فَأَحْرَمْتُ أَصْحَابَهُ وَلَمْ أُحْرِمْ فَرَأَيْتُ حِمَارًا فَحَمَلْتُ عَلَيْهِ وَاصْطَدَتُهُ فَذَكَرْتُ شَانَهُ لِرَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَذَكَرْتُ أَنِّي لَمْ أَكُنْ أَحْرَمْتُ وَأَنِّي إِنَّمَا اصْطَدَتُهُ لِكَ فَأَمَرَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - أَصْحَابَهُ فَأَكَلُوا وَلَمْ يَأْكُلْ مِنْهُ حِينَ أَخْبَرْتُهُ أَنِّي اصْطَدَتُهُ لَهُ .

বাংলা

২/৩০৯৩। আবদুল্লাহ ইবনে আবু কাতাদা (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, হুদাইবিয়ার বছর আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রওয়ানা হলাম। তাঁর সাহাবীগণ ইহরাম বাঁধলেন, কিন্তু আমি বাঁধিনি। আমি একটি গাধা দেখতে পেয়ে তার উপর ঝাপিয়ে পড়লাম এবং তা শিকার করলাম। অতঃপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট তার অবস্থা বর্ণনা করলাম। আমি আরও উল্লেখ করলাম যে, আমি তখনও ইহরাম বাঁধিনি এবং তা আপনার জন্য শিকার করেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের এ মাংস খাওয়ার নির্দেশ দিলেন। কিন্তু আমি তাঁর জন্য এটা শিকার করেছি বলায় তিনি তা আহার করলেন না।

English

It was narrated from 'Abdullah bin Abu Qatadah that his father said:
 "I went out with the Messenger of Allah (ﷺ) at the time of Hudaibiyah, and his Companions entered Ihram, but I did not. I saw a donkey do I hunted it. I mentioned that to the Messenger of Allah (ﷺ) and told him: 'I had not

entered Ihram, and I was hunting it for you.' The Prophet (ﷺ) told his Companions to eat it, but he did not eat from it, because I told him that I had hunted it for him."

ফুটনোট

সহীল বুখারী ১৮২১, ১৮২২, ১৮২৩, ১৮২৪, ২৫৭০, ২৮৫৪, ২৯১৪, ৮১৪৯, ৫৪০৭, ৫৪৯১, ৫৪৯২, মুসলিম ১১৯৬, তিরমিয়ী ৮৪৭, নাসায়ী ২৮১৬, ২৮২৪, ২৮২৫, ২৮২৬, আবু দাউদ ২৮৫২, আহমাদ ২২২০, ২২০৬১, ২২০৬৮, ২২০৮৪, ২২০৯৭, ২২১০৬, ২২১১৮, মুয়াত্তা মালেক ৭৮৬, ৭৮৮, দারেমী ১৮২৬, ১৮২৭, ইরওয়া ৪/২১৪, ২১৫।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন আবু কাতাদা (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44057>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন